
# রাজনৈতিক ঐক্য ব্যাহত হলে জাতি ভয়াবহ সংকটে পড়বে: প্রধান উপদেষ্টা




সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জাতিকে সতর্ক করে বলেছেন, আসন্ন জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐক্য বজায় না থাকলে দেশ গভীর সংকটে পড়বে।

বৃহস্পতিবার (১৩ নভেম্বর) দুপুরে জাতির উদ্দেশে দেওয়া ভাষণে তিনি বলেন, "দেড় যুগ ধরে জনগণ ভোটাধিকার থেকে বঞ্চিত ছিল। এখন তারা তাদের ভোটের অধিকার ফিরিয়ে পাওয়ার আশায় উন্মুখ। আগামী ফেব্রুয়ারির নির্বাচন যেন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়, সে জন্য সব দলের সমঝোতা ও ঐক্য অপরিহার্য।"

তিনি বলেন, "২০২৪ সালের জুলাই আন্দোলনে দেশবাসী ফ্যাসিবাদের বিরুদ্ধে যেভাবে বুক চিতিয়ে দাঁড়িয়েছিল, তা আমাদের জাতির ইতিহাসে এক অনন্য অধ্যায়। কিন্তু সামান্য মতবিরোধ বা ক্ষুদ্র রাজনৈতিক স্বার্থে আমরা যেন সেই ঐক্যের মর্যাদা নষ্ট না করি।"

মুহাম্মদ ইউনূস শহীদদের আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, "১৩৩ শিশু ও অসংখ্য তরুণ-তরুণীর জীবনদান আমাদের সহিষ্ণুতা ও মানবিকতার শিক্ষা দিয়েছে। দলীয় স্বার্থের ঊর্ধ্বে উঠে জাতির ভবিষ্যৎকে প্রাধান্য দিতে হবে।"

তিনি আশা প্রকাশ করেন, জুলাই সনদের আলোকে অন্তর্বর্তী সরকারের সিদ্ধান্তগুলো রাজনৈতিক দলগুলো জাতির বৃহত্তর স্বার্থে মেনে নেবে। "আমরা এক উৎসবমুখর নির্বাচনের পথে এগোচ্ছি— এই নির্বাচনই আমাদের নতুন বাংলাদেশের সূচনা করবে," বলেন প্রধান উপদেষ্টা।